গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল
bakerganj.barisal.gov.bd

তারিখঃ ০৫ জানুয়ারী ২০২৬ খ্রিঃ

স্মারক নং-০৩১.১০.০৬০৭.০১৫.০২.০০৩.২৬- ৩০

**জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ/মৎস্যজীবী সংগঠনসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাকেরগঞ্জ উপজেলা প্রশাসনের ব্যবস্থানাধীন ২০ একর পর্যন্ত বন্ধ জলমহলসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ আলোকে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে সরকার আরোপিত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/প্রকৃত জেলে/যুব সমিতির নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

০২. জলমহাল ইজারা কার্যক্রমে অংশগ্রহণের লক্ষ্যে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন করা যাবে। তাছাড়া জলমহালের আবেদন আহ্বান বিজ্ঞপ্তি bakergong.barisal.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। ইজারা যোগ্য জলমহালের সিডিউল ও শর্তাবলী নিম্নরুপঃ

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ইজারা ব্যবস্থাপনা সিডিউলঃ

| ক্রমিক নং | তারিখ | গৃহীতব্য কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ০২ | ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০৩ | ১৪ মাঘের পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দাখিল। |
| ০৪ | ২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই |
| ০৫ | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ০৫ ফাল্গুন থেকে ২৫ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ২৬ ফাল্গুন থেকে ২৮ ফাল্গুনের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিত করণ। |
| ০৮ | ২৯ ফাল্গুন থেকে ২০ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৯ | ০১ লা বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের তালিকা**

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | আয়তন | কাঙ্খিত মূল্য |
|---|---|---|---|---|
| ১ | নলুয়া | শাপলাখালী খাস পুকুর | ০.৩০ একর | ১২,২০০/- |
| ২ | কলসকাঠী | বটবাড়িয়া দিঘী | ০.২৮ একর | ৫,৭০০/- |
| ৩ | ঐ | তাফালবাড়ি দিঘী | ০.৬৮ একর | ১৯,১০০/- |
| ৪ | ঐ | মঠবাড়িয়া দিঘী | ০.৯৬ একর | ৩৭,৮৪২/- |
| ৫ | ভরপাশা | ধনন্তরী দিঘী | ০.১৯ একর | ৫,৩০০/- |
| ৬ | ঐ | রুহিতারপাড় দিঘী | ০.২৬ একর | ৬,৩০০/- |
| ৭ | নিয়ামতি | ছোট পুইয়াউঠা পুকুর | ০.৭৬ একর | ৩০,৭৪০/- |
| ৮ | রঙ্গশ্রী | বৈরাম খা দিঘী | ৭.২৫ একর | ৪,৪৩,১০০/- |

**ইজারার শর্তসমূহঃ**

১. এই ইজারা ১৪৩৩ সালের ১লা বৈশাখ হতে গন্য করা হবে এই শর্তে ইজারা প্রদান করা হবে।
২. বিজ্ঞপ্তিতে প্রকাশিত সময়সূচি মোতাবেক নির্ধারিত ফরমে আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল জমা প্রদান করতে হবে।
৩. স্থানীয় প্রকৃত নিবন্ধিত মৎস্য জীবি সংগঠন গুলোর মধ্যে যে সংগঠন/ সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তি/ তীরবর্তি, সে সকল প্রকৃত মৎস্যজীবি সংগঠন সংশ্লিষ্ট জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তি মৎস্যজীবি সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা মৎস্যজীবি সংগঠন/সমিতিকে ইজারা প্রদানের বিষয় বিবেচনা করা হবে।
৪. মৎস্যজীবি সংগঠন/সমিতিকে যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/ সমিতি এর কোন জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/ সমিতি কে উক্ত জলমহাল ইজারা প্রদান করা হবে না।
৫. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তি প্রকৃত মৎস্যজীবিদের সমিতি বা সমবায় অধিদপ্তর নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তি জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।
৬. আবেদনকারী কোন মৎস্যজীবি সমবায় সংগঠন/ সমিতিতে যদি এমন কোন সদস্য থাকে যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। এছাড়া আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/ সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমান স্বরুপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা বা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র ও বিগত ২ বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/ সমিতির ক্ষেত্রে এ ধরনের অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

৭. নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন তাদের সদস্যের নামের তালিকাসহ (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও আহ্বায়ক, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাকেরগঞ্জ, বরিশাল এর নিকট দাখিল করতে হবে।

৮. ৩ বছর মেয়াদি লিজ পাওয়ার ক্ষেত্রে আবেদনকৃত জলমহালের মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৯. আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সংগঠন বা সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটির গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১০. উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল বরাবর বিজ্ঞপ্তি অর্ন্তভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% হারে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জামানত হিসেবে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১১. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে ইজারা প্রাপ্ত মৎস্যজীবি সংগঠন সাকুল্যে ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারন ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১২. জলমহাল ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহন করলেও ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। এ সময়ের মধ্যে কোন কারনে যদি খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে। ইজারা প্রাপ্ত সংগঠন/ সমিতি পাবে না।

১৩. সময় মতো লিজ মানি পরিশোধ না করলে, তথ্য গোপন করলে কিংবা অন্য কোন অনিয়মের কারনে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি লিজ বাতিল করে পুনঃরায় লিজ প্রদানের কার্যক্রম গ্রহন করতে পারবেন।

১৪. লিজ গ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/ সমিতি ২ টির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত নিতে পারবে না এবং অন্য কোন উপায়ে ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত লিজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লিজ মানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লিজ গ্রহীতা মৎস্যজীবি সংগঠন/ সমিতি পরবর্তী বছরের জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৫. ইজারা মূল্যের উপর সরকার নির্ধারিত ১৫% হারে ভ্যাট ও ১০% হারে আয়কর ইজারা মূল্যের সাথে একত্রে প্রদান করতে হবে।

১৬. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৭. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮. জলমহালের বিষয়ে মহামান্য সুপ্রিমকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালত কিংবা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ থাকলে, সেক্ষেত্রে স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ প্রত্যাহার/নিষ্পত্তির পর পরিচালিত হবে।

Rumana
০৫/০১/২৬

(রুমানা আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাকেরগঞ্জ, বরিশাল।

স্মারক নং-০৩১.১০.০৬০৭.০১৫.০২.০০৩.২৬- ০৬

তারিখঃ ০৫ জানুয়ারী ২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

০১। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০২। জেলা প্রশাসক, বরিশাল।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।
০৫। উপজেলা .......................................... অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
০৬। চেয়ারম্যান.......................................ইউপি (সকল), বাকেরগঞ্জ, বরিশাল।
০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.......................................... ইউনিয়ন ভূমি অফিস, বাকেরগঞ্জ, বরিশাল।
০৮। নোটিশ বোর্ড।
০৯। অফিস নথি।

০৫/০১/২৬

(তন্ময় হালদার)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাকেরগঞ্জ, বরিশাল।